গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-১ শাখা
www.mof.gov.bd

নং- ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.২৪.১২৩

তারিখ: ১৯ আষাঢ় ১৪৩১
০৩ জুলাই ২০২৪

# পরিপত্র

**বিষয়: সর্বজনীন পেনশন স্কিমসমূহে অংশগ্রহণকারীগণের রেজিস্ট্রেশন কার্যক্রমে সহায়তাকারী হিসেবে ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহের (UDC) উদ্যোক্তাগণকে সম্পৃক্তকরণ।**

'সর্বজনীন পেনশন স্কিমে' জনসাধারণকে অংশগ্রহণে আগ্রহী করা এবং জনগণের দোরগোড়ায় নিবন্ধন সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহের (UDC) উদ্যোক্তাগণের কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করার জন্য সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে:

ক) ইউনিয়ন ডিজিটাল সেন্টারের (UDC) উদ্যোক্তাগণ জনসাধারণকে সর্বজনীন পেনশন স্কিমে অন্তর্ভুক্তিতে উদ্বুদ্ধকরণের পাশাপাশি অনলাইন রেজিস্ট্রেশন কাজে প্রয়োজনীয় সহযোগিতা করবেন;

খ) প্রতিটি ইউনিয়ন ডিজিটাল সেন্টারে (UDC) 'বিনামূল্যে সর্বজনীন পেনশন স্কিমে রেজিস্ট্রেশন সহায়তা প্রদান করা হয়'-মর্মে ব্যানার দৃশ্যমান স্থানে টানানোর ব্যবস্থা করতে হবে;

গ) রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় সকল তথ্য ও কাগজপত্রের তালিকা ব্যানারে উল্লেখ থাকতে হবে;

ঘ) রেজিস্ট্রেশন ফরম পূরণের সময় উদ্যোক্তাগণ আবশ্যিকভাবে নিজ নিজ উদ্যোক্তা কোড নম্বর নির্ধারিত ফিল্ডে উল্লেখ করবেন;

ঙ) আবেদনকারীর জন্য প্রযোজ্য পেনশন স্কিম সম্পর্কে নিশ্চিত হয়ে রেজিস্ট্রেশন ফরমটি পূরণ করার ব্যবস্থা নিবেন;

চ) উদ্যোক্তাগণ রেজিস্ট্রেশন সম্পন্ন হবার পর অটো জেনারেটেড রেজিস্ট্রেশন কার্ডটি প্রিন্ট করে আবেদনকারীকে প্রদান করবেন এবং পেনশন আইডির বিপরীতে পাসওয়ার্ড তৈরীর বিষয়ে ও পাসওয়ার্ডের গোপনীয়তা রক্ষার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন;

ছ) রেজিস্ট্রেশনের পর প্রতি মাসে কত তারিখে চাঁদার টাকা জমা করবেন সে সংক্রান্ত পরামর্শ প্রদান করবেন;

জ) উদ্যোক্তাগণ/UDC পরিচালকগণ সর্বজনীন পেনশন স্কিমের চাঁদা দাতার কোন তথ্য কোন ভাবেই অন্য কারো নিকট প্রকাশ বা হস্তান্তর করতে পারবেন না;

ঝ) উদ্যোক্তাগণ মাসিক চাঁদার টাকা পরিশোধের বিভিন্ন মাধ্যম (ব্যাংক হিসাব, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড ইত্যাদি) সম্পর্কে অবহিত করবেন;

ঞ) প্রতিটি রেজিস্ট্রেশন সফলভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন ডিজিটাল সেন্টার (UDC) এর উদ্যোক্তাকে জাতীয় পেনশন কর্তৃপক্ষের অনুকূলে বরাদ্দকৃত সরকারি বাজেট থেকে ১৫/-(পনের) টাকা হারে ফি প্রদান করা হবে;

চলমান পাতা-২

ট) রেজিস্ট্রেশনের সময় প্রদত্ত উদ্যোক্তা কোড নম্বরের ভিত্তিতে জাতীয় পেনশন কর্তৃপক্ষ কর্তৃক উক্ত উদ্যোক্তার প্রাপ্য মোট মাসিক ফি হিসাবায়ন করা হবে;

ঠ) জাতীয় পেনশন কর্তৃপক্ষ মাসিক ভিত্তিতে EFT (Electronic Fund Transfer) এর মাধ্যমে সংশ্লিষ্ট উদ্যোক্তার ব্যাংক হিসাবে প্রাপ্য টাকা প্রেরণের ব্যবস্থা করবে, এজন্য কোন বিল দাখিলের প্রয়োজন হবে না; এবং

ড) নিবন্ধন সংক্রান্ত যে কোন জটিলতার উদ্ভব হলে তা জাতীয় পেনশন কর্তৃপক্ষকে তাৎক্ষণিকভাবে অবহিত করতে হবে।

২। জনস্বার্থে এ পরিপত্র জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

০৩/০৭/২৪
(মো. আমিনুল ইসলাম)
উপসচিব
পরিচিতি নং-১৬১০০
ফোন: ৯৫১৪৪৮৭

বিতরণ: জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়-

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫।
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫।
০৫. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
০৭. নির্বাহী চেয়ারম্যান, জাতীয় পেনশন কর্তৃপক্ষ, ৪৩, কাকরাইল, ঢাকা।
০৮. বিভাগীয় কমিশনার ................................ (সকল)।
০৯. জেলা প্রশাসক ...................................... (সকল)।
১০. প্রধান নির্বাহী কর্মকর্তা, এজেন্সি টু ইনোভেট (A2i), আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
১১. অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিবের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফ.এস.এম.ইউ (পরিপত্রটি অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
১৫. অফিস কপি।